

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৭০

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৭২, হিজরত সম্পর্কে।

باب مَا جَاءَ فِي الْهِجْرَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، وَعُثْمَانُ، ابْنَا أَبِي شَيْبَةَ قَالاَ حَدَّثَنَا شَرِيكُ، عَنِ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ، عَنْ أَبِيهِ، قَالَ سَأَلْتُ عَائِشَةَ _ رضى الله عنها _ عَنِ الْبَدَاوَةِ، فَقَالَتْ كَانَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم يَبْدُو إِلَى هَذِهِ التِّلاَعِ وَإِنَّهُ أَرَادَ الْبَدَاوَةَ مَرَّةً فَأَرْسَلَ إِلَىَّ نَاقَةً مُحَرَّمَةً مِنْ إِلِل الصَّدَقَةِ فَقَالَ لِي " يَا عَائِشَةُ ارْفُقِي فَإِنَّ الرِّفْقَ لَمْ يَكُنْ فِي شَيْءٍ قَطُّ إِلاَّ زَانَهُ وَلاَ نُزِعَ مِنْ شَيْءٍ قَطُّ إِلاَّ شَانَهُ " .

বাংলা

২৪৭০. উসমান ও আবৃ বকর ইবন শায়বা মিকদাম ইবন শুরাইহ্ তাঁর পিতা হতে বর্ণনা করেন যে, তিনি আয়েশা (রাঃ)-কে বাদাওয়া বা নির্জনে বাহিরে গমন সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তিনি বললেন, রাসূল্ল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম নিম্নগামী পানির উৎসস্থান পাহাড়ের টিলাসমূহের দিকে বের হতেন। একবার তিনি এরূপে বাইরে যাওয়ার ইচ্ছা করেন এবং আমার জন্য যাকাতের উটসমূহ হতে একটি আনাড়ী উট পাঠিয়ে দিলেন। আর বললেন, হে আয়েশা! সদয় হও। কেননা, যে কোন বস্তুতে সহ্বদয়তা কেবল সৌন্দর্য বৃদ্ধি করে আর যার থেকে কোমলতা বের হয়ে যায় তা তাকে কদর্য করে।

English

Miqdan bin Shuraih reported on the authority of his father. I asked A'ishah about settling in the desert (to worship Allaah in Ioneliness). She said "The Apostle of Allaah () would go out (from Madina) to these torrential streams. Once he intended to go out to the desert (for worshipping Allaah). He sent me a She-Camel from the Camels of sadaqah that was not used as a mount. He said to me "A'ishah be lenient, for leniency makes a thing decorated and when it is removed from a thing it makes it defective.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন